

**প্রাথমিক বিদ্যালয়ে
ক্লাস শুরু হবে
সকাল সাড়ে ৯টায়**

যাযাদি রিপোর্ট

প্রাথমিক বিদ্যালয়ের ক্লাসের সময়সূচি পরিবর্তন করা হয়েছে। নতুন সময়সূচি অনুযায়ী স্কুল শুরু হবে সকাল সাড়ে ৯টায়। আগে এ সময় ছিল সকাল সাড়ে ৮টা। নতুন সময়সূচির কারণে সকাল ৯টা ৪৫ মিনিটের মধ্যে স্কুলের সমাবেশ (অ্যাসেম্বলি) শেষ করতে হবে। এ বিষয়ে রোববার একটি প্রজ্ঞাপন জারি করেছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।

মন্ত্রণালয়ের উপসচিব শহিদুল ইসলাম স্বাক্ষরিত এ প্রজ্ঞাপনে বলা হয়, দেশের সব ক্লাস : পৃষ্ঠা ৪ কলাম ৮

ক্লাস : প্রাথমিক

(প্রথম পৃষ্ঠার পর)

সরকারি-বেসরকারি রেজিস্টার্ড ও কমিউনিটি প্রাথমিক বিদ্যালয়ে এখন থেকে স্কুলের সময়সূচি হবে সকাল ৯টা ৩০ থেকে বিকাল ৪টা ১৫ মিনিট পর্যন্ত। আগে এ সময়সূচি ছিল সকাল ৮টা ৩০ থেকে দুপুর ৩টা ১৫ মিনিট পর্যন্ত। স্কুল সময় এক ঘণ্টা পিছিয়ে দেয়ার কারণ সম্পর্কে জানতে চাইলে প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী মোতাহার হোসেন বলেন, ডে-লাইট সেভিংয়ের কারণে ঘড়ির কাঁটা এক ঘণ্টা এগিয়ে আনা হয়েছে। এর ফলে এতো সকালে গ্রাম-গঞ্জের বাচ্চারা নাশতা খেয়ে স্কুলে আসতে পারে না। ওই সময়ের মধ্যে গ্রামে বেশিরভাগ বাড়িতে খাবার তৈরি হয় না। মাঠপর্যায়ের শিক্ষক-শিক্ষার্থীদের দাবি ও জেলা প্রশাসকদের প্রতিবেদনের ভিত্তিতে এ সিদ্ধান্ত নেয়া হয়েছে। মন্ত্রণালয়ের এ সিদ্ধান্তকে যোগত জানিয়ে বাংলাদেশ সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি মুহাম্মদ আবদুল আউয়াল তালুকদার ও মহাসম্পাদক আবদুস সালাম বলেছেন, এখন বাচ্চারা খেয়ে স্কুলে আসতে পারবে। এক ঘণ্টা সময় এগিয়ে আনায় শিক্ষার্থীরা না খেয়েই স্কুলে চলে আসতে।

মন্ত্রণালয় সূত্র জানায়, যানজট ও অন্যান্য দিকের কথা চিন্তা করে শহরের স্কুলগুলোর সময়সূচি পুনর্নির্ধারণ করা যেতে পারে। সে ক্ষেত্রে প্রয়োজন হলে প্রধান শিক্ষকরা সংশ্লিষ্ট জেলা প্রশাসকের মাধ্যমে মন্ত্রণালয়ে আবেদন করে সময়সূচি ঠিক করে নিতে পারবেন।